উৎসবেঃ
বিপদেঃ
সম্পদেঃ
প্রয়োজন টাকার ঃ—আপনাকে টাকা উপার্জ্জন করতে সঞ্চয় করতে ও বন্ধিত করতে সাহায্য করবে
দি
**ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ**
স্থাপিত ১৯২৮
হেড অফিস ঃ—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা
বিশেষ সর্ত্তাদির জন্য স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন
জঙ্গীপুর শাখার
ম্যানেজিং এজেণ্ট ঃ— পি, চ্যাটার্জ্জি, বি-এল।
ম্যানেজিং ডিরেক্টর ঃ— পি, কে, গুহ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—:০:—

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩১শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২রা ফাল্গুন বুধবার ১৩৫১ ইংরাজী 14th Feb. 1945 | ৩৮শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৫৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাঙ্গো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাঙ্গো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## জয়যাত্রার পথে

ভারতীয় জীবনবীমার ইতিহাসে হিন্দুস্থান প্রতি বৎসরই এক একটি গৌরবময় অধ্যায় রচনা করে। ১৯৪৩ সালে যুদ্ধ এবং দুর্ভিক্ষের সঙ্কটময় পরিস্থিতিতেও ইহার প্রভূত সাফল্য অন্যান্য বৎসরের তুলনায় অধিকতর গৌরবের পরিচায়ক। আর্থিক সংস্থানের সারবত্তা, বীমাপত্রের নিরাপত্তা, পরিচালন-পদ্ধতির নৈপুণ্য এবং সর্বোপরি দেশবাসীর আন্তরিক সহযোগ ও সহানুভূতিই এই জয়যাত্রার পথে হিন্দুস্থানের প্রধান পাথেয়।

### সাফল্যের পরিচয়

| | |
|---|---|
| মোট চলতি বীমা | ২৪ কোটি ৮২ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ৫ „ ৪২ „ „ „ |
| প্রিমিয়ামের আয় | ১ „ ১২ „ „ „ |
| মোট সংস্থান | প্রায় ৬ কোটি টাকা |
| দাবী শোধ (১৯০৭-৪৩) | তিন কোটি টাকার উপর |

নূতন বীমা (১৯৪৩)—
৫ কোটি ৩১ লক্ষ টাকার উপর

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস হিন্দুস্থান বিল্ডিংস্ঃ কলিকাতা

## নোটীশ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে, আগামী ১৯৪৫ সালের ১৫ই মার্চ্চ তারিখে বেলা ২টার সময় বহরমপুর কোর্ট মালখানায় বাজেয়াপ্ত বন্দুক ও গুলী বারুদ ইত্যাদি প্রকাশ্য নীলামে বিক্রয় করা হইবে। ইতি—৯।২।৪৫

ম্যাজিষ্ট্রেট-ইন-চার্জ্জ

বহরমপুর।

## বিজ্ঞপ্তি

আমার অনুরোধে মৌলবী কেতাবুদ্দিন সাহেব জঙ্গিপুর মহকুমা হইতে জেলা স্কুল বোর্ডের মেম্বরপদ হইতে আমার পক্ষে পদ প্রার্থনা উঠাইয়া লইয়াছেন। তজ্জন্য আমি তাঁহাকে আন্তরিক ধন্যবাদ দিতেছি। ১০।২।৪৫

আমজাদ আলি

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২রা ফাল্গুন বুধবার সন ১৩৫১ সাল

## দফরপুরে অগ্নিকাণ্ড

### ৫৮খানি গৃহ ভস্মীভূত

গত সোমবার বেলা ৩ ঘটিকার সময় রঘুনাথগঞ্জের এলাকাস্থিত দফরপুর গ্রামের নাককাটিপাড়া নামক মুসলমান পল্লীর জনৈক গৃহস্থের ঘরে আগুন লাগিয়া অল্পক্ষণ মধ্যে অগ্নি বহু বিস্তৃত হইয়া পড়ে। মুসলমান পল্লী সমস্ত দগ্ধ করিয়া হিন্দু পল্লীকেও ভস্মীভূত করিয়াছে। ৩।৪ বৎসরের একটী মুসলমান বালিকা জীবন্ত দগ্ধ হইয়া মৃত্যুমুখে পতিত হইয়াছে। সর্ব্ব সমেত ৫৮খানি গৃহ ভস্মস্তূপে পরিণত হইয়াছে। বহু দরিদ্র গৃহস্থ সর্ব্বস্বহীন হইয়া পথে দাঁড়াইয়াছে। এই সকল গৃহহারাদের মাথা লুকাইবার স্থানের জন্য সহৃদয় মহানুভব ব্যক্তিগণের সহানুভূতি প্রার্থনীয়।

## রঘুনাথগঞ্জে টিপু সুলতান

আগামী ১৭ই ও ১৮ই ফেব্রুয়ারী রঘুনাথগঞ্জ সরাইখানা প্রাঙ্গনে স্থানীয় নাট্য সম্প্রদায় কর্ত্তৃক টিপু সুলতান অভিনীত হইবে। তজ্জন্য প্রত্যহ জোর মহরা চলিতেছে।

## বন্যেশ্বরের মেলা

গত শিবরাত্রি উপলক্ষে বন্যেশ্বর গ্রামে বন্যেশ্বর শিবের মেলা যথারীতি শেষ হইয়াছে। মেলাস্থলে বহু যাত্রী সমাগম হইয়াছিল।

## পরলোকে শ্রীহর্ষ মুখোপাধ্যায়

গত ১৬ই মাঘ বর্দ্ধমানের প্রসিদ্ধ উকিল শ্রীহর্ষ মুখোপাধ্যায় মহাশয় ৮২ বৎসর বয়সে দেহত্যাগ করিয়াছেন। তিনি বাঙ্গালার একজন প্রসিদ্ধ উকিল ছিলেন। বর্দ্ধমানের তিনি সর্ব্বসম্মানিত ব্যক্তি ছিলেন। তাঁহার মৃত্যু সংবাদে আদালতের যাবতীয় কাজ বন্ধ থাকে।

## লক্ষ টাকার গহনা চুরি

জয়পুরের দেওয়ান স্যার মির্জ্জা ইসমাইলের পত্নীর পরিচিত ব্যক্তি বলিয়া পরিচয় দিয়া এক ব্যক্তি তাঁহার (স্যার মির্জ্জা ইসমাইলের পত্নীর) এক লক্ষ টাকা মূল্যের অলঙ্কার লইয়া উধাও হইয়াছে। লেডী ইসমাইল বাঙ্গালোর হইতে ভিক্টোরিয়া টারমিনাস ষ্টেশনে আসিয়া পৌঁছিলে এই ব্যাপার ঘটে। লেডী ইসমাইল তাঁহার ব্যাগটি জনৈক বিশ্বস্ত ভৃত্যের হেফাজতে রাখিয়া আগত বন্ধুবান্ধবগণকে সম্বর্দ্ধনা জানাইতেছিলেন। ফিটফাট পোষাক পরিহিত দুর্ব্বৃত্তটি ভৃত্যের কামরায় প্রবেশ করিয়া নিজেকে লেডী ইসমাইলের লোক বলিয়া পরিচয় দিয়া বলে যে, লেডী ইসমাইল ব্যাগটি ফেরত চাহিয়াছেন। ব্যাগের মধ্যে এমন মূল্যবান গহনা রহিয়াছে, চাকরটির একথা জানা ছিল না। সে ব্যাগটি ঐ লোকটির হাতে দেয় এবং লোকটি ভিড়ের মধ্যে তৎক্ষণাৎ অদৃশ্য হইয়া যায়। রেল পুলীশ ও বোম্বাইয়ের গোয়েন্দা বিভাগ এ সম্পর্কে তদন্ত করিতেছেন।

## লক্ষ্মী ও সরস্বতীর দ্বন্দ্ব

লক্ষ্মী—

লক্ষ্মী বলেন—বীণাপাণি!  
তোর শক্তি সব জানি,  
দীন-হীন তোর পুত্রগণ,  
যারে দয়া করি আমি,  
তাহার দ্বারে গোলামী,  
ক'রে খায় তোমার নন্দন।

আমার পুত্রের দাপে,  
সমস্ত মেদিনী কাঁপে,  
সর্ব্বশক্তিমান সব তারা।  
তোর পদ করি সেবা,  
কোথা সুখ পায় কেবা,  
অন্নাভাবে সব দিশেহারা।

সরস্বতী—

শুনে ইহা সরস্বতী  
কহিছে কমলা প্রতি  
পুত্রগণ বটে মোর দীন।  
টাকাকড়ি নাই ব'লে  
দুঃখে তাহাদের চলে  
দীন বটে নহে কভু হীন।

আমার পুত্রের বলে,  
ধনীদের কাজ চলে,  
তাই তারা টাকা দিয়ে রাখে।  
তোর ধ্যান মন্ত্র স্তব  
মোর পুত্র কৃত সব  
নইলে কিসে পূজিত তোমাকে।

## লাভের লোভে

বিগত ৮ই ফেব্রুয়ারী তারিখে অতি লাভ ও মওজুদ বিরোধী আইনানুযায়ী কলিকাতার ম্যাজিষ্ট্রেটগণ ১৭জন ব্যক্তিকে ১৲ টাকা হইতে ২০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন। অপরাধের বিবরণ:— ভেজিটেবল ঘি, লোহার সিক, টর্চ্চ লাইট ব্যাটারি, উইলসন্স গোগল্‌স, নারিকেল তেল, শার্টের কাপড় জুতোর কালি নিয়ন্ত্রিত মূল্য অপেক্ষা অধিক দরে বিক্রয়, চিনি ও চাউল মওজুদ করিয়া রাখা, মূল্য তালিকা দেখাইতে অক্ষমতা, রেশন কার্ড থাকা স্বত্ত্বেও কার্ডের জন্য আবেদন।



## ফিস্‌তুতো ভাই

একদিন শনিবারে,
সদর রাস্তার ধারে
দেখা হ'লো মোক্তারে ডাক্তারে।

উভয়েই ভারী ক্রুদ্ধ
লেগে গেল বাক্‌ যুদ্ধ,
গালাগালি যে যাহারে পারে।

ডাক্তার মোক্তারে বলে
চুরি ক'রে দিন চলে
'অনেষ্টির' লেশ নাই তোর।

জানি তোরে মোক্তার
কি বলিব বেশী আর
তোরাই লাইসেন্সধারী চোর।

ডাক্তারে মোক্তার কয়
জানি তোর পরিচয়
জানা আছে বিদ্যা বুদ্ধি গুণ।

রোগ বুঝো নাই বুঝো
'ভিজিট' ট্যাঁকেতে গুঁজো
জ্ঞানপাপী! পেশা তোর খুন।

হ'তেছে ঝগড়া ঝাটি,
খুব কথা কাটাকাটি
তর্কাতকি যে যাহারে পারে।

হেনকালে এক মিঞা
দূরে হাতছানি দিয়া
ডেকে নিয়ে বলিল মোক্তারে।

বে-আইনী জনতায়
আসামী হ'য়েছি হায়
ঘটনা হ'য়েছে নভেম্বরে।

ডাক্তার সার্টিফিকেট
দিয়ে সেই ব্যাক ডেট
যদি দেন অনুগ্রহ ক'রে।

ডাক্তার শুনিয়া কহে,
দায়িত্ব সহজ নহে
যদি চাও সেদিনের 'ডেট'।

মোক্তার বলিছে ভাই
ঝগড়ায় কাজ নাই
ভরাইবে দু'জনার পেট।

তোমার সার্টিফিকেটে,
'রায়টিং' যাবে কেটে
প্রমাণ করিব 'এলিবাই'।

'অনেষ্টি' অনিশ্চিত
তাহে তুষ্ট নহে চিত
দুই মোরা ফিস্‌তুতো ভাই।

## আদি কবি কৃত্তিবাসের স্মরণোৎসব

বাঙ্গলার আদি কবি ভাষা-রামায়ণকার কৃত্তিবাস পণ্ডিতের বার্ষিক স্মরণোৎসব বিগত রবিবার অপরাহ্ণে শান্তিপুরের সন্নিকটে ফুলিয়া গ্রামে তাঁহার জন্মস্থানে শান্তিপুর সাহিত্য পরিষদের উদ্যোগে সুসম্পন্ন হয়। রায় বাহাদুর শ্রীযুত সচ্চিদানন্দ সান্যাল সাহিত্য-বিনোদ সভাপতির আসন গ্রহণ করেন।

---

## মহম্মদ সাজাহানের কবর

জঙ্গিপুর ফৌজদারী আদালতের লব্ধপ্রতিষ্ঠ মোক্তার মরহুম মহম্মদ সাজাহান সাহেব দুই পুত্র রাখিয়া পরলোক গমন করেন। জ্যেষ্ঠ হায়দার আলি বর্ত্তমানে আসানসোলের পুলিশ সাব-ইন্‌স্পেক্টর। কনিষ্ঠ কাসেম আলি বাড়ীতে থাকিয়া পৈতৃক বিষয়াদি পর্য্যবেক্ষণ করেন। সাজাহান সাহেবের দেহত্যাগের পর তাঁহার দেহ তাঁহার সুজাপুরস্থ বাসভবনের সংলগ্ন উদ্যানে সদর রাস্তার অনতিদূরে সমাধিস্থ করা হয়। তাঁহার পুত্রদ্বয় পিতৃভক্তির নিদর্শনস্বরূপ উক্ত কবরটী সুদৃশ্যভাবে নির্ম্মাণ করিবার জন্য তাঁহাদের আত্মীয় অবৈতনিক ম্যাজিষ্ট্রেট ও ঋণসালিশী বোর্ডের চেয়ারম্যান, ফৌজদারী আদালতের অবসরপ্রাপ্ত হেডক্লার্ক আলেফ হোসেন সাহেব কর্ত্তৃক ভিত্তি প্রস্তর স্থাপন করাইয়া লইয়া গত ৯ই ফেব্রুয়ারী শুক্রবার বহু কাঙাল মিস্‌কিন্‌কে পোলাও মাংস ইত্যাদি উপাদেয় খাদ্য বিতরণে পরিতৃপ্ত করিয়া উক্ত কবর স্থাপন কার্য্য সুসম্পন্ন করিয়াছেন। ইহা কেবল পিতৃভক্তির পরিচায়ক নহে, বিধবা জননী গৃহে বসিয়া পরলোকগত স্বামীর সমাধি দর্শন, প্রত্যহ চেরাগ বাতি দিয়া সন্তপ্ত প্রাণে কতকটা সান্ত্বনা লাভ করিতে পারিবেন ইহাও সুপুত্রের কার্য্য বলিয়া প্রশংসনীয়। আমরা উক্ত ভ্রাতৃদ্বয়ের দীর্ঘজীবনসহ মঙ্গল কামনা করি।

---

## মা ষষ্ঠীর বাহনদের অদৃষ্ট

রয়টার সংবাদ দিতেছেন যে প্যারিস জার্ম্মান কবল হইতে মুক্ত হইবার পর ৩০ হাজার মা ষষ্ঠীর বাহন মার্জ্জার মা ষষ্ঠীর বাছাদের উদরে স্থান পাইয়াছেন। এক একটী বিড়াল ৩০ শিলিং মূল্যে বিক্রয় হইতেছে। ইহা পুলিশের হিসাব হইতে জানা গিয়াছে। বুভুক্ষিতের খাদ্যাখাদ্য জ্ঞান কখনই থাকে না।

## ফুটবল খেলোয়াড় হত্যা

মেহেরপুর মহকুমার অন্তর্গত করিমপুর থানার এলাকাধীন ধোরাদহ গ্রামের দ্বিজেন শীল ওরফে নেড়ুকে হত্যার অপরাধে জুরীগণ আসামীদিগকে এক বাক্যে দোষী বলিয়া মত প্রকাশ করায় সহকারী দায়রা জজ শ্রীযুক্ত কে সি মিত্র জুরীদিগের সহিত একমত হইয়া রহমত মণ্ডল, রেজাউদ্দীন বিশ্বাস, অটল স্বর্ণকার, জগন্নাথ সাহা, অনিল সাহা ও নিতাই মণ্ডলের প্রতি ভারতীয় দণ্ডবিধির ৩০৪।৩৪ ধারা অনুসারে তিন হইতে পাঁচ বৎসর পর্য্যন্ত বিভিন্নরূপ সশ্রম কারাদণ্ডের আদেশ দিয়াছেন। মামলার বিবরণে প্রকাশ, দ্বিজেন একজন সুপরিচিত ফুটবল খেলোয়াড় ছিল। গত ২৯শে সেপ্টেম্বর তারিখে সন্ধ্যাকালে আসামীগণ তাহাকে অপহরণ করিয়া লইয়া যায় এবং একটি শস্যক্ষেত্রে তাহাকে হাণ্টার এবং লাঠি দ্বারা এরূপভাবে প্রহার করে যে, তৎদণ্ডেই তাহার মৃত্যু হয়।


## ঘোষ এণ্ড সন্স

প্রসিদ্ধ টাইল নির্ম্মাতা

ঘর ছাওয়াইবার রাণীগঞ্জ প্যাটার্ণের টাইল বিক্রয় জন্য প্রস্তুত আছে।

প্রোঃ শ্রীসুরেশচন্দ্র ঘোষ
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## রঞ্জন সুধা

অম্বল ও সর্ব্বপ্রকার পেটের অসুখের অব্যর্থ মহৌষধ
ইহা ছাড়া এইখানে ম্যালেরিয়া ও সকল প্রকার
রোগের চিকিৎসা করা হয়।

হাকিমী ঔষধালয়
জঙ্গিপুর সাহেববাজার, (মুর্শিদাবাদ)

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা


মূল্য এক আনা

পণ্ডিত প্রেসে পাইবেন।






# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।